দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

AUG 29 2002

# ঢাকা ভার্সিটি খুলে দেয়ার ব্যাপারে ঐকমত্য

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব অনুষদের ডীন, বিভাগীয় চেয়ারম্যান এবং ইনস্টিটিউটের পরিচালকবৃন্দের এক সভায় অবিলম্বে হলসমূহ ও বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার ব্যাপারে ঐকমত্য প্রকাশ করা হয় এবং এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য ভিসি'র কাছে আহ্বান জানানো হয়। প্রশাসনিক ভবনের সিনেট কক্ষে অনুষ্ঠিত সভায় ভিসি অধ্যাপক ইউসুফ হায়দারের সভাপতিত্বে শিক্ষকরা অভিমত প্রকাশ করেন, বিশ্ববিদ্যালয় খুলতে যতই দেরী হবে ততই ছাত্র-ছাত্রীরা সমস্যায় পড়বে। বিশ্ববিদ্যালয়ে সেশন জটও বাড়বে। অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়া প্রয়োজন। আবাসিক হলসমূহ ও বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার পর ক্যাম্পাসে শিক্ষার শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার লক্ষ্যে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য সভার পক্ষ থেকে শিক্ষক, ছাত্র-ছাত্রী, অভিভাবক, কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানানো হয়। সভায় সিদ্ধান্ত হয় যে, ২৪ জুলাই তারিখে যারা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি বিশ্ববিদ্যালয় খোলার পর পরই তাদের পরীক্ষাসহ স্থগিত পরীক্ষাসমূহ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হবে। বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার ব্যাপারে আজ বৃহস্পতিবার সিন্ডিকেট সভায় সিদ্ধান্ত গৃহীত হবে বলে জানা যায়।